

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ : ১৯ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/০২ মে ২০১৯ খ্রিস্টাব্দ

নং ১০/মূসক/২০১৯—যেহেতু, বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা “মিশনারীজ অব চ্যারিটি” এর অনুকূলে দাতা সংস্থা "Missionaries of Charity, Antwerp Belgium" কর্তৃক অনুদান হিসেবে প্রেরিত "Food aid biscuits-8800 Cartons, Incolac Milk-3995 Cartons, Cartons Marthalac 1-1400 Cartons, Cartons Marthalac 2-600 Cartons" এর উপর আমদানি পর্যায়ে শুল্ক-করাদি মওকুফ এর লক্ষ্যে এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয় সুপারিশ প্রদান করিয়াছে; এবং

যেহেতু, ইতোপূর্বে একই ধরনের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড হতে বিশেষ আদেশ নং- ৫০/২০১৭/কাস্টমস, তারিখ: ২৫-০৫-২০১৭ খ্রিস্টাব্দ মারফত ‘মিশনারীজ অব চ্যারিটি’র অনুকূলে আমদানি পর্যায়ে প্রযোজ্য শুল্ক-করাদি (AIT ব্যতীত) মওকুফ করা হইয়াছিল, এবং

যেহেতু, অনুদান হিসেবে প্রেরিত উল্লিখিত খাদ্য-সামগ্রী দুগ্ধ, অনাথ, পুষ্টিহীন শিশু ও মা এবং অসুস্থ, অসহায় ও মরণাপন্ন ব্যক্তিদের মধ্যে জাতি-ধর্ম নির্বিশেষে বিনামূল্যে বিতরণ করা হইবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে আমদানি পর্যায়ে উক্ত সামগ্রীর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর ও অগ্রিম মূল্য সংযোজন কর (এটিভি) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মওকুফ করিল :-

(১৫৫৫৫)

মূল্য : টাকা ৪.০০

শর্তাবলি:

- (ক) অনুদান হিসেবে "Food aid biscuits-8800 Cartons, Incolac Milk-3995 Cartons, Cartons Marthalac 1-1400 Cartons, Cartons Marthalac 2-600 Cartons" সামগ্রী দুঃস্থ, অনাথ, পুষ্টিহীন শিশু ও মা এবং অসুস্থ, অসহায় ও মরণাপন্ন ব্যক্তিদের মধ্যে জাতি-ধর্ম নির্বিশেষে বিনামূল্যে বিতরণ করা হইবে এবং কোন অবস্থায়ই বাণিজ্যিক কাজে ব্যবহার বা বিক্রয়/হস্তান্তর করা যাইবে না;
- (খ) আমদানিতব্য পণ্য শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর আলোকে যথাযথ মূল্যে ও এইচ. এস কোডে শুল্কায়ন করিতে হইবে;
- (গ) শুল্কায়নের পূর্বে পণ্যের specification ও ঘোষণার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হতে হইবে;
- (ঘ) আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ অনুযায়ী পণ্য আমদানির জন্য প্রযোজ্য শর্তাদি এই ক্ষেত্রে পরিপালনীয় হইবে; এবং
- (ঙ) সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট "মিশনারীজ অব চ্যারিটি, ঢাকা" কর্তৃক ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করিতে হবে যে, অনুদান হিসেবে "Food aid biscuits-8800 Cartons, Incolac Milk-3995 Cartons, Cartons Marthalac 1-1400 Cartons, Cartons Marthalac 2-600 Cartons" সমূহ কোন প্রকার হস্তান্তর, বিক্রয়, অন্যবিধ ব্যবহার, চুরি বা খোয়া গেলে মিশনারীজ অব চ্যারিটি, শিশু ভবন, ইসলামপুর, ঢাকা কর্তৃক প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধে বাধ্য থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd